

আল-ওয়াকিয়া | Al-Waqi'a | الْوَاقِعَةُ

আয়াতঃ ৫৬ : ২৬

আরবি মূল আয়াত:

﴿ ۲۶ ﴾ إِلَّا قِيلَ سَلَامًا سَلَمًا

Aর্থ অনুবাদসমূহ:

শুধু এই বাণী ছাড়া, ‘সালাম, সালাম’ — আল-বায়ান

এমন কথা ছাড়া যা হবে শান্তিময়, নিরাপদ, — তাইসিরাল

‘সালাম’ আর ‘সালাম’ বাণী ব্যতীত। — মুজিবুর রহমান

Only a saying: "Peace, peace." — Sahih International

২৬. ‘সালাম’ আর ‘সালাম’ বাণী ছাড়া।

-

তাফসীরে জাকারিয়া

(২৬) সালাম-সালাম (শান্তি) বাণী ব্যতীত। [1]

[1] অর্থাৎ, পৃথিবীতে তো পরস্পর দক্ষ-বিবাদ হয়। এমনকি (আপন) ভায়ে-ভায়ে ও বোনে-বোনেও বিবাদ লেগে থাকে। এই বাগড়া-বিবাদের ফলে অন্তরে জন্ম নেয় এমন ঘৃণা, বিদ্রেষ ও শক্রতা, যা একে অপরের বিরুদ্ধে অশ্লীল ভাষা ব্যবহার, গালি-গালাজ এবং গীবত ও চুগলী ইত্যাদি করার উপর উদ্বৃদ্ধ করে। জান্নাত এ সমস্ত চারিত্রিক নোংরামি ও পক্ষিলতা থেকে কেবল পরিত্রাই হবে না, বরং সেখানে শুধু সালাম আর সালামেরই ধ্বনি মুখ্যরিত হবে; ফিরিশতাদের পক্ষ থেকেও এবং জান্নাতবাসীদের পরস্পরের পক্ষ থেকেও। যার অর্থ হল, সেখানে সালাম-সন্তানণ তো হবে, কিন্তু অন্তর ও জিভের সেই নোংরামি থাকবে না, যা পৃথিবীতে ব্যাপকহারে বিদ্যমান রয়েছে। এমনকি বড় বড় দ্বীনদার ব্যক্তিরাও এ জগন্য অভ্যাস থেকে সুরক্ষিত নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5005>

৫ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন